# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদর কিয়ামত পর্যন্ত প্রত্যেক বছরে রমযানের শেষ দশকে হবে মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ لَيْلَةَ الْقَدْرِ تَكُونُ فِي رَمَضَانَ فِي الْعَشْرِ الْأَوَاخِرِ كُلَّ سَنَةٍ إِلَى أَنْ تَقُومَ السَّاعَةُ

আরবী

3675 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنِ الْأَوْزَاعِيِّ قَالَ: حَدَّثَنِي مَرْثَدُ بْنُ أَبِي مَرْثَدٍ عَنْ أَبِيهِ قَالَ: جَلَسْتُ عِنْدَ أَبِي ذَرٍّ عِنْدَ الْجَمْرَةِ الْوُسْطَى فَدَنَوْتُ مِنْهُ حَتَّى كَادَتْ رُكْبَتِي تَمَسُّ رُكْبَتَيْهِ فَقُلْتُ: أَخْبِرْنِي عَنْ لَيْلَةِ الْقَدْرِ فَقَالَ: أَنَا كُنْتُ أَسأَلَ النَّاسِ عنها رسول الله فقلت: يارسول اللَّهِ أَخْبِرْنِي عَنْ لَيْلَةِ الْقَدْرِ تَكُونُ فِي زمان الأنبياء ينزل عليهم الوحي فإذا قُبِضُوارفعت؟ فَقَالَ: (بَلْ هِيَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ) فَقُلْتُ يارسول اللَّهِ فَأَخْبِرْنِي فِي أَيِّ الشَّهْرِ هِيَ؟ فَقَالَ: (إِنَّ اللَّهَ لَوْ أَذِنَ لَأَخْبَرْتُكُمْ بِهَا فَالْتَمِسُوهَا فِي الْعَشْرِ الْأَوَاخِرِ فِي إِحْدَى السَّبْعَيْن وَلَا تَسأَلْنِي عَنْهَا بَعْدَ مرَّتك هَذِهِ) قَالَ: وَأَقْبَلَ عَلَى أَصْحَابِهِ يُحَدِّثُهُمْ فَلَمَّا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم اسْتَطْلَقَ بِهِ الْحَدِيثُ فَقُلْتُ: أقسمتُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ لَتُخْبِرَنِّي فِي أي السُّبْعَيْن هي؟ فَغَضِبَ عَلَيَّ غَضَبًا لَمْ يَغْضَبْ عَلَيَّ مِثْلَهُ وَقَالَ: (لَا أُمَّ لَكَ هِيَ تَكُونُ فِي السبع الأواخر)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3675 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((التعليق على ابن خزيمة)) (3/ 320 و 321).

বাংলা

৩৬৭৫. আবূ মারসাদ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মধ্য জামরার নিকট আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে বসে বসি। আমি তাঁর এতটা নিকটবর্তী হই যে, আমার হাঁটু তার হাঁটুকে স্পর্শ করার উপক্রম হয়। তখন আমি বললাম, “আপনি আমাকে লাইলাতুল কদর সম্পর্কে অবহিত করুন।” তখন তিনি বলেন, “লোকদের মাঝে আমি বেশি এই সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করতাম। আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে লাইলাতুল কদর সম্পর্কে অবহিত করুন, এটা কি শুধু নবীদের সময়কালের মধ্যে সীমাবদ্ধ, যখন তাঁদের উপর অহী অবতীর্ণ হয়, অতঃপর যখন তাঁরা মারা যান, তখন এটি উঠিয়ে নেওয়া হবে?” তখন তিনি জবাবে বলেন, “বরং এটি কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে।” আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে অবহিত করুন, সেটা কোন মাসে?” তিনি জবাবে বলেন, “যদি আল্লাহ আমাকে অনুমতি দিতেন, তবে অবশ্যই আমি তোমাদেরকে সে সম্পর্কে অবহিত করতাম। কাজেই তোমরা এটাকে রমযানের শেষ দুই সপ্তাহের মাঝে শেষ দশকে তালাশ করো। এরপর তুমি এই ব্যাপারে আর কিছু জিজ্ঞেস করবে না “

রাবী বলেন, “অতঃপর তিনি সাহাবীদের কাছে হাদীস বর্ণনা করার জন্য তাদের কাছে গমন করেন। অতঃপর যখন আমি দেখলাম যে, আলোচনায় মশগুল, তখন আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আপনাকে আল্লাহর দোহাই দিয়ে বলছি, অবশ্যই আপনি আমাকে অবহিত করবেন যে, সেটা দুই সপ্তাহের মাঝে কোন সপ্তাহে রয়েছে!” রাবী বলেন, “অতঃপর তিনি আমার উপর এতটা রাগান্বিত হন, ইতিপূর্বে তিনি কখনই আমার উপর এতটা রাগান্বিত হননি এবং তিনি বলেন, “তোমার মা না থাকুক! এটি শেষ সাত রাতে রয়েছে।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬৯; বাযযার: ১০৩৫; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১৭৭; মুসনাদ আহমাদ: ৫/১৭১; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৯/১৮৩; হাকিম: ১/৪৩৭; সুনান বাইহাকী: ৪/৩০৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা‘লীক আলা সহীহ ইবনু খুযাইমাহ: ৩/৩২০-৩২১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মারসাদ আল-গানাবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93012

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন